স্ত্রীর গায়ে আগুন ধরিয়ে সেই আগুনে পুড়লেন স্বামীও

ঝিনাইদহে স্ত্রী পিংকির (২০) গায়ে কেরোসিন ঢেলে আগুন ধরিয়ে দিয়েছেন স্বামী সৌরভ (২৭)। এতে আত্মরক্ষার্থে পিংকি তার স্বামীকে জাপটে ধরলে দুজনেই অগ্নিদগ্ধ হন। পরে গুরুতর অবস্থায় স্থানীয়রা তাদের উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করে।

গত রবিবার বিকাল সাড়ে ৫টার দিকে পৌর শহরের নতুন হাটখোলা এলাকায় এ ঘটনা ঘটে।

ঝিনাইদহ সদর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার আবুল বাশার জানান, ঘটনাস্থল পরিদর্শনে পুলিশ জানতে পেরেছে- বেশ কিছুদিন আগে শহরের আদর্শপাড়া এলাকার সাত্তার মণ্ডলের ছেলে সৌরভের সঙ্গে একই এলাকার মুন্না বিহারীর মেয়ে পিংকির প্রেমের সম্পর্ক গড়ে ওঠে। একপর্যায়ে তাদের মধ্যে বিরোধ হলে ওই মেয়ে সৌরভের নামে থানায় মামলা করে।

পরে বিয়ের শর্তে মামলার মীমাংসা হওয়ার পর দুই মাস আগে তাদের বিয়ে হয়। এরপর থেকেই উভয়ের মধ্যে বিরোধ চলছিল।

এরই ধারাবাহিকতায় বিকালে স্ত্রীর কাছে দুই হাজার টাকা দাবি করে সৌরভ। এ নিয়ে কথা কাটাকাটির একপর্যায়ে পিংকির গায়ে কেরোসিন ঢেলে আগুন ধরিয়ে দেয় সে। এ সময় আত্মরক্ষার্থে স্বামী সৌরভকে জাপটে ধরলে তার গায়েও আগুন লেগে যায়। পরে স্থানীয়রা দ্রুত তাদের উদ্ধার করে সদর হাসপাতালে ভর্তি করে।

তিনি বলেন, ‘এ ঘটনায় ওই মেয়ের পরিবারকে থানায় অভিযোগ দিতে বলা হয়েছে। পাশাপাশি আমরাও ঘটনাটির সঠিক অনুসন্ধান করছি।’

এ দিকে, সদর হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক ডা. মুসলিমা স্বপ্নীল সাংবাদিকদের জানান ‘মেয়েটির শরীরের ৮০ শতাংশ অগ্নিদগ্ধ হয়েছে। ফলে তাকে ঢাকায় বার্ন ইউনিটে রেফার্ড করা হয়েছে। তবে তার স্বামীর শরীর তুলনামূলক কম পুড়েছে। হাসপাতালেই তার চিকিৎসা চলছে।

মেপ্র/আরপি

গাংনীর নিশিপুরে মুদি দোকান ভূস্মিভুত, ৩ লাখ টাকার ক্ষয়ক্ষতি

মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দী নিশিপুর আল সেফা ক্লিনিকে সামনে অবস্থিত জান্নাতি স্টোরে আগুন লেগে দোকানের সকল মালামাল পুড়ে গেছে। গতকাল মঙ্গলবার রাত দেড়টার দিকে এ অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। ফায়ার সার্ভিস দল আসার আগেই সব শেষ।

স্থানীয়রা জানান, রাত দেড়টার দিকে আগুন দেখে ফায়ার সার্ভিসে খবর দেওয়া হয়েছিল কিন্তুু ফায়ার সার্ভিস ঘটনাস্থলে পৌছানোর আগেই আগুনে সব পুড়ে গেছে।

দোকান মালিক নিশিপুর গ্রামের নিরব হোসেন রুবেল জানান, প্রতিদিনের ন্যায় সোমবার রাতে দোকান বন্ধ করে বাড়ি চলে যান। রাতে দোকানে আগুন লাগার খবর পেয়ে ছুটে এসে দেখেন সব পুড়ে শেষ হয়ে গেছে।

আল সেফা ক্লিনিকের সিসিটিভিতে দেখা গেছে রাত ১টা ২৫ মিনিটের দিকে দোকান থেকে প্রথমে ধোয়া শুরু হয়েছে এর দোকানে রাখা ফ্রিজের কমপ্রেসার ফেটে গিয়ে আগুন ছড়িয়ে পড়ে। দোকানে রাখা কম্পিউটার, ফ্রিজ সহ ৩ লাখ টাকার ক্ষতি হয়েছে। সরকারী ভাবে সহযোগী কামনা করেছে ক্ষতিগ্রস্থ ব্যবসায়ী রুবেল।

মেপ্র/ইএম

গাংনীতে দুর্বৃত্তদের দেয়া আগুনে অর্ধ লক্ষ টাকার বিচালী পুড়ে ছাই

মেহেরপুরের গাংনী উপজেলার হাড়িয়াদহ গ্রামে দুর্বৃত্তদের দেয়া আগুনে এক কৃষকের অর্ধ লক্ষ টাকার মূল্যের বিচালী পুড়ে ছাই হয়েছে।

বৃহস্পতিবার মধ্যরাতে হাড়িয়াদহ গ্রামের খেজমত আলীর বিচালী গাঁদায় অগ্নিকান্ডের ঘটনা ঘটে।

কৃষক খেজমত আলী জানান রাতে ঘুমিয়ে ছিলাম। মধ্যরাতে বসত বাড়ির পিছনে বিচালী গাঁদায় আগুন জ্বলে উঠলে,প্রতিবেশীরা টের পায়। এসময় আমার পরিবারকে জানালে,শত চেষ্টা করে আগুন নেভানো সম্ভব হয়নি। আনুমানিক ৫০ হাজার টাকার বিচালী পুড়ে ছাই হয়েছে।

মেপ্র/ইএম

মেহেরপুরে হাসপাতাল রোডে রান্না ঘরে অগ্নিকান্ড

মেহেরপুর জেনারেল হাসপাতাল রোডে জার্মান বাংলা গার্ডেন সিটির ভুমি জরিপকারী রমজান আলী বাড়ির ছাদে রান্না ঘরে অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে।

বুধবার দুপুরের দিকে এ ঘটনা ঘটে।

জানা যায়, রমজান আলীর স্ত্রী বাসার ছাদে তৈরি করা রান্না ঘরে রান্নার কাজ করছিলেন। রান্না করার সময় প্রয়োজনীয় কাজে ছাদ থেকে নিচে নামেন। এসময় চুলার আগুন পাশে থাকা খড়কুটোতে লেগে অগ্নিকান্ডের সৃষ্টি হয়। পাশের বাড়ি ছাদে কাজ করা শ্রমিকরা আগুন দেখে চিৎকার করলে আশেপাশের মানুষ ফায়ার সার্ভিসকে খবর দেয়। ফায়াস

সার্ভিসের দল ঘটনাস্থলে পৌছানোর আগেই আগুন নিয়ন্ত্রণে চলে আসে।

মেপ্র/ইএম

গাংনীতে অগ্নীকান্ডে ক্ষতিগ্রস্থ পরিবারকে সহায়তা প্রদান

মেহেরপুরের গাংনীতে অগ্নীকান্ডে ক্ষতিগ্রস্থ একটি পরিবারকে ২ বান্ডিল ঢেউটিন ও নগদ টাকা প্রদান করেছে গাংনী উপজেলা প্রশাসন। গাংনী উপজেলার বামুন্দি ইউনিয়নের মহব্বতপুর গ্রামের হিরাজ উদ্দীনের মেয়ে রেহেনা খাতুনের হাতে ৬ হাজার টাকার চেক২ বান্ডিল ঢেউটিন সহায়তা প্রদান করা হয়।

বৃহস্পতিবার দুপুরে ত্রাণ ও দুর্যোগ ব্যাবস্থাপনা মন্ত্রনালয়ের গাংনী উপজেলা অফিসের উদ্যোগে ঢেউটিন প্রদান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিরঞ্জন চক্রবর্তী।

বামুন্দি ইউপি চেয়ারম্যান মোঃ শহিদুল ইসলাম বিশ্বাস,পিআইও অফিসের প্রধান সহকারি রেজা আহাম্মেদ, বামুন্দি ফায়ার সার্ভিসের ইউনিট প্রধান মহিউদ্দীন সহ স্থানীয় সাংবাদিকবৃন্দ এসময় উপস্থিত ছিলেন।

গত ১৪ ফেব্রুয়ারী অগ্নীকান্ডের ঘটনায় উপজেলার মহব্বতপুর গ্রামের বিধবা রেহেনা খাতুনের বসত ঘরটি পুড়ে ছাঁই হয়ে যায়।

- নিজস্ব প্রতিনিধি

গাংনীতে অগ্নিকান্ডে ১০টি ছাগলের মৃত্যু, প্রাণে বাঁচলেন গৃহকত্রী

মেহেরপুরের গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের রাধাগোবিন্দপুর ধলা গ্রামে অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। এ ঘটনায় ১০টি ছাগলের মৃত্যু হয়েছে।
মঙ্গলবার রাত ৯টার দিকে রাধাগোবিন্দপুর ধলা গ্রামের মৃত সানোয়ার হোসেনের ছেলে মনিরুল ইসলামের বাড়িতে অগ্নিকান্ডের ঘটনা ঘটে।
গৃহকর্তা মনিরুল ইসলাম জানান,রাতে ঘরে ঘুমোনার জন্য প্রস্তুতি নিচ্ছিলাম। আমার শোবার ঘরের পাশেই মায়ের ঘর। মা ও ঘুমানোর প্রস্তুতি নিচ্ছিলেন। রাত ৯টার দিকে মায়ের ঘরের বিদ্যুতের লাইন সর্ট সার্কিট থেকে আগুন জ্বলে ওঠে। মা হাসিনা খাতুন দৌড়ে ঘর থেকে বেরিয়ে প্রাণে বাঁচেন। এসময় পাশে ছাগল ঘরে আগুন ছড়িয়ে পড়লে সাথ সাথে ১০টি ছাগল পুড়ে ছাই হয়ে যায়।
খবর পেয়ে কাথুলী বিজিবি ক্যাম্পের সদস্যরা ঘটনাস্থলে পৌঁছে মায়ের ঘরে এক আত্মীয়ের রাখা ২ লাখ ১৩ হাজার ৫ টাকা উদ্ধার করে বিজিবি সদস্যরা।
- গাংনী প্রতিনিধি